Prudent management marks the affairs of Dinajpore Bank Ltd.—Hindusthan Standard.

নির্ভয়ে টাকা আমানতের বিশ্বস্ত প্রতিষ্ঠান,

"দিনাজপুর ব্যাঙ্ক লিঃ"

( সিডিউল্ড ও ক্লিয়ারিং )

হেড অফিস :— ১১, ক্লাইভ রো, কলিকাতা

শাখাসমূহ :— জলপাইগুড়ি, রামপুরহাট, রায়গঞ্জ, জঙ্গিপুর, রাজসাহী, দিনাজপুর, পার্ব্বতীপুর, আলিপুর দুয়ার, ভবানীপুর ( কলিকাতা )

স্থায়ী আমানতের বিবরণ স্থানীয় ম্যানেজারের নিকট জ্ঞাতব্য

Managing Director :—J. M. Sen. Ex. M. L. C.

Registered No. C. 853

# জঙ্গীপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

মণিগ্রামের প্রসিদ্ধ

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন আবিষ্কৃত

সোণামুখী

কেশতৈল

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট। মূল্য প্রতি শিশি ১৲ টাকা;

প্রাপ্তিস্থান—দশভুজা ঔষধালয়

মণিগ্রাম বাসন্তীতলা, পোঃ মণিগ্রাম ( মুর্শিদাবাদ )

৩৪শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—১৯শে ফাল্গুন বুধবার ১৩৫৪ ইংরাজী 3rd Mar. 1948 { ৩৮শ সংখ্যা

আপনার

কম খরচার খাজাঞ্চী

ঢাকুরিয়া ব্যাঙ্কিং

করপোরেশন লিমিটেড

হেড অফিস

২১-এ, ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা

ফোনঃ কলিকাতা ১৭৪৪ টেলিগ্রাম: ষ্ট্রংরুম

শাখাসমূহ

ঢাকুরিয়া, সাউথ ক্যালকাটা, ক্যানিং, কোন্নগর, রামপুরহাট, বারহারওয়া, সাহিবগঞ্জ, ( এস, পি ), রঘুনাথগঞ্জ, আওরঙ্গাবাদ ( মুর্শিদাবাদ ), সোনারপুর।

| সুদের হার— | | স্থায়ী আমানত :— |
|---|---|---|
| কারেণ্ট | ১৲ শতকরা | ৩ মাসের জন্য ৩৷০ টাকা শতকরা |
| সেভিংস | ৩৲ " | ৬ " " ৪৲ " " |
| হোম- | | ১ বৎসরের " ৫৲ " " |
| সেভিংস | ৩৲ " | ২ " " ৫৷০ " " |
| | | ৩ " " ৬৲ " " |

ম্যানেজিং ডিরেক্টার

ডি, এন, চ্যাটার্জ্জি এফ, আর, ই, এস ( লণ্ডন )

ব্যয় নহে—সঞ্চয়

জীবনবীমা ব্যয় নহে—সঞ্চয়। আপনার অর্জ্জিত অর্থ ইহাতে পরহস্তগত হয় না, পরিবারের ভবিষ্যৎ প্রয়োজনের জন্যই ইহা সঞ্চিত থাকে। বৃদ্ধ বয়সে জীবন যাহাতে সচ্ছলভাবে চলিয়া যায়—ইহা তাহারই প্রস্তুতি; আপনার অবর্ত্তমানেও যাহাতে প্রিয় পরিজনকে কষ্টভোগ করিতে না হয় ইহা তাহারই সুচারু ব্যবস্থা। সময় থাকিতে দুঃসময়ের জন্য সাবধান হওয়া সকলেরই কর্ত্তব্য।

জীবনের এই অবশ্য কর্ত্তব্য পালনে সহায়তা করিবার জন্য "হিন্দুস্থানের" কর্ম্মিগণ সর্ব্বদাই প্রস্তুত। হেড অফিসে পত্র লিখিলে, কিংবা স্থানীয় প্রতিনিধির সহিত দেখা করিলে প্রয়োজন ও সামর্থ্য অনুরূপ বীমাপত্রের পরামর্শ পাইবেন।

হিন্দুস্থান কো-অপারেটিভ্

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১৯শে ফাল্গুন বুধবার সন ১৩৫৪ সাল

## বস্ত্রের বি-নিয়ন্ত্রণ ব্যবস্থা

### ভারত গবরমেণ্টের বর্ত্তমান নীতি

—:•:—

বস্ত্র নিয়ন্ত্রণ সম্পর্কে ভারত গবরমেণ্টের নীতি নিম্নরূপ বলিয়া জানা গিয়াছে :—

ভারত গবরমেণ্টের সহিত পরামর্শক্রমে কোন প্রাদেশিক বা দেশীয় রাজ্য গবরমেণ্ট যদি নিয়ন্ত্রণ ব্যবস্থা চলিত রাখার সিদ্ধান্ত না করেন, তবে ব্যবহারকারিগণ বিনা রেশন কার্ডে বস্ত্র ক্রয় করিতে পাইবেন। বস্ত্রের মূল্য সম্পর্কে কোন প্রকার আইনগত নিয়ন্ত্রণ ব্যবস্থা থাকিবে না। যাহাতে পাইকারী ব্যবসায়ীদিগকে বস্ত্র শিল্প ব্যবসায়ীদের নির্দ্ধারিত ও কাপড়ের উপর লিখিত ন্যায্য মূল্যে কাপড় বিক্রয় করা হয়, সেজন্য মিল কর্ত্তৃপক্ষগণ দায়িত্ব লইয়াছেন। খুচরা দাম বস্ত্রের উপর লেখা থাকিবে। গত জানুয়ারী মাসে মিল হইতে যে সব কাপড় বাজারে ছাড়া হইয়াছে, সেগুলির উপর একটা কর আদায় করা হইয়াছে; ফলে ঐ সকল কাপড়ের খুচরা দাম এইভাবে বৃদ্ধি পাইতে পারে—মোটা কাপড়ের উপর শতকরা ২৫; মাঝারি ও মিহি প্রত্যেক রকমের উপর শতকরা ১২৷। বর্ত্তমানে এবং ইহার পরে যে সব মাল ছাড়া হইবে, সেগুলির উপরে ঠিক দাম লেখা থাকিবে। এই ব্যবস্থার ফলাফল গবরমেণ্ট ভালভাবে পর্য্যবেক্ষণ করিবেন।

---

## কলিকাতার বাজারে কাপড়

কাপড় সম্পর্কে নিয়ন্ত্রণ প্রথা প্রত্যাহারের পর কলিকাতায় কাপড়ের বাজারে যে পরিস্থিতির উদ্ভব হইয়াছে, তাহা বিবেচনার জন্য গত পূর্ব্ব বৃহস্পতিবার বঙ্গীয় মিলমালিক এসোসিয়েশনের এক সভা হয়। সভায় স্থির হয় যে, নির্দ্দিষ্ট হারে ক্রেতারা কি ভাবে কাপড় পাইতে পারে, সেই সম্বন্ধে এসোসিয়েশন নিযুক্ত কমিটী একটা বিবরণ না দেওয়া পর্য্যন্ত বাজারে কাপড় ছাড়া আপাততঃ স্থগিত রাখা হইবে। এসোসিয়েশনের জনৈক মুখপাত্র বলেন, মোট মজুদ ১৩০০০ গাঁইট কাপড় হইতে কিছু কাপড় বাজারে ছাড়া হইলে, দেখা যায়, উহা চোরাবাজারে চলিয়া যাইতেছে এবং অতিরিক্ত মুনাফায় বিক্রয়ের চেষ্টা হইতেছে। উক্ত মুখপাত্র জনসাধারণকে এই দামবৃদ্ধি নিবারণের জন্য কিছুকাল কাপড় কেনা বন্ধ রাখিতে পরামর্শ দেন। ইহাতে কেহ যেন মনে না করেন যে, বাজারে কাপড় সরবরাহ ব্যাহত হইবে।

---

## উড়িষ্যায় মন্দির প্রবেশ বিল

### হরিজনদিগকে মন্দিরে প্রবেশাধিকার দিবার ব্যবস্থা

হিন্দুদের যে সমস্ত শ্রেণীকে প্রচলিত রীতি বা প্রথা অনুযায়ী দেব-মন্দিরে প্রবেশ ও পূজা করিতে দেওয়া হয় না, সেই সমস্ত শ্রেণীকে মন্দির প্রবেশের অধিকার দিবার জন্য উড়িষ্যা গবরমেণ্ট আজ উড়িষ্যা "মন্দির প্রবেশ অধিকার বিল" প্রকাশিত করিয়াছেন।

উহার ভূমিকায় বলা হইয়াছে যে, গত বৎসর মার্চ্চ মাসে উড়িষ্যা পরিষদ কর্ত্তৃক মন্দির প্রবেশ অনুমোদন ও ক্ষতিপূরণ আইন পাশ হইয়াছিল। উহাতে বিহিত হইয়াছিল যে, হিন্দু মন্দিরসমূহের ট্রাষ্টি বা সেবাইতগণ যদি নিঃসন্দেহ হন যে, সাধারণ হিন্দুগণ হরিজনদিগকে মন্দিরে প্রবেশাধিকার দিবার বিরোধী নহে, তাহা হইলে তাঁহারা মন্দিরের দ্বার হরিজনদের পক্ষে উন্মুক্ত রাখিতে পারিবেন। গবরমেণ্ট প্রায় এক বৎসর এই আইনের কার্য্যকারিতা দেখিয়া নিশ্চিতভাবে উপলব্ধি করিয়াছেন যে, ইহার বিধানগুলি অপর্য্যাপ্ত; কারণ এই আইনানুযায়ী গবরমেণ্ট অগ্রণী হইয়া কিছু করিতে পারেন না, মন্দিরের ট্রাষ্টিগণ কিংবা ভারপ্রাপ্ত অন্যান্য ব্যক্তিগণ প্রথমে কিছু না করা পর্য্যন্ত তাঁহাদিগকে অপেক্ষা করিতে হয়। কোন কোন স্থলে ট্রাষ্টিগণ বিরোধী ভাব অবলম্বন করিয়া উপাসকদের অধিকাংশের অভিপ্রায় অনুযায়ী কাজ করিতে অসম্মত হইয়াছেন। প্রাদেশিক গবরমেণ্ট এ বিষয়ে নিঃসন্দেহ যে, এই জনমত সমস্ত মন্দিরের দ্বার হরিজনদের জন্য উন্মুক্ত করিবার পক্ষপাতী। প্রস্তাবিত আইনে অপরাধ অনুষ্ঠানকারীদিগকে পুলীশ বিনা পরোয়ানায় গ্রেপ্তার করিতে পারিবে।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ২২শে মার্চ্চ ১৯৪৮

১৯৪৭ সালের ডিক্রীজারী

৫৮৬ থাং ডিঃ কামেশ্বরনাথ লালা দিং দেঃ নাবালক সিদ্ধেশ্বর দাস পক্ষে অলি পিতা ললিতমোহন দাস দাবি ৫৯০ থানা সাগরদীঘি মৌজে মোরগ্রাম ১-৬৬ শতকের কাত ৭৶২ পাই আঃ ২৫৲ খং ৫৫২

৫৭৯ থাং ডিঃ ঐ দেঃ সেবাইত ললিতমোহন দাস দিং দাবি ৬৭৸/৬ মৌজাদি ঐ ইস্তাহার লিখিত নিষ্কর জমি আঃ ১০৲ খং ৬২৪

৫৯৪ থাং ডিঃ ঐ দেঃ মোকীদ সেখ দিং দাবি ৩৭৷৶৩ থানা ঐ মৌজে চক মথুরাপুর ১-১৬ শতকের কাত ৫৷৶২ পাই আঃ ২০৲ খং ১৭

৫৮০ থাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেঃ ললিতমোহন দাস দিং দাবি ২৮৶৯ থানা ঐ মৌজে মোরগ্রাম নিষ্কর জমি আঃ ১০৲ খং ৬৩২

৫৮৭ থাং ডিঃ ঐ দেঃ [illegible]রিপদ দত্ত দিং দাবি ৯৶৩ মৌজাদি ঐ ৮ শতকের কাত ১/০ আঃ ২৲ খং ১৭১

৫৮৯ থাং ডিঃ ঐ দেঃ এবারক হোসেন দিং দাবি ১১৸০ থানা ঐ মৌজে বৈরাটী ৬১ শতকের কাত ১৸৶৬ আঃ ৫৲ খং ৪১২

৫৯০ থাং ডিঃ ঐ দেঃ ঐ দাবি ১১৷৶৩ মৌজাদি ঐ ১-২৫ শতকের কাত ১৸৶২ পাই আঃ ৫৲ খং ৩

৫৯১ থাং ডিঃ ঐ দেঃ ঐ দাবি ১২৷৶৬ মৌজাদি ঐ ১৬ শতকের কাত /৭ পাই আঃ ২৲ খং ৩৯

৫৮২ থাং ডিঃ ঐ দেঃ ললিতমোহন দাস দিং দাবি ২০৸৶০ থানা ঐ মৌজে ডোমাইপুর নিষ্কর জমি আঃ ১০৲ খং ২০৭

৫৯৩ থাং ডিঃ ঐ দেঃ অপূর্ব্বকুমার চক্রবর্ত্তী দাবি ৩১৸/০ মৌজাদি ঐ ১-৯৯ শতকের কাত ৯৷৶১১ পাই আঃ ২০৲ খং ১৭

৫৯৫ থাং ডিঃ ঐ দেঃ এস্তাক সেখ দাবি ১৩৶৩ মৌজাদি ঐ ৭৭ শতকের কাত ২৷০ আঃ ৫৲ খং ৬৬

৫৯২ থাং ডিঃ ঐ দেং গোলসেহেরা বিবি দিং দাবি ১৭৵০ থানা ঐ মৌজে কোতলা ১ ১১ শতকের কাত ৩৷৫ আঃ ১০৲ খং ৫১

৫৯৭ থাং ডিঃ ঐ দেং জগদীশচন্দ্র মণ্ডল দাবি ১৪৲ মৌজাদি ঐ ৮৮ শতকের কাত ২৸৶০ আঃ ১০৲ খং ৫১

২১৮ থাং ডিঃ ওয়াকফ ষ্টেটের জয়েণ্ট মাতোয়ালি মোঃ মরতুজা রেজা চৌধুরী দিং দেং রঞ্জিত মণ্ডল দিং দাবি ৫৮৸৯ থানা ফরক্কা মৌজে সুদনা ৪৷৩৲১৫ জমির কাত ৭৸৵০ আঃ ৪০৲ খং ৭৩

৫২৬ থাং ডিঃ ধীরেন্দ্রনাথ রায় দেং হরেন্দ্র নাথ সাহা দাবি ১৫৵৩ থানা সমসেরগঞ্জ মৌজে মহাদেবনগর ২-৯১ শতক মধ্যে ১-২৩ শতকের কাত ৬৷৵৩৸ আঃ ৭৲ খং ৮৭৬

৫২৭ থাং ডিঃ ঐ দেং সোহর সেখ দাবি ১৪৵৯ মৌজাদি ঐ ১১০ শতক জমি আঃ ৭৲ খং ৩৫৭

৫৫৫ থাং ডিঃ ঐ দেং মোকসাদ সেখ দাবি ৯৷/০ মৌজাদি ঐ ২৯ শতকের কাত ৸৶৩ আঃ ৫৲ খং ৩১৩

৪৭০ থাং ডিঃ সেবাইত প্রমথনাথ মাহাতা দিং দেং নলিনী চৌধুরী দিং দাবি ৩৫৷/৩ থানা সাগরদীঘি মৌজে থেকর ৬-৯৩ শতকের কাত ১৫৲ আঃ ২৫৲ খং ১০২৮

৪০৫ থাং ডিঃ সেবাইত জীবনকৃষ্ণ ঘোষ দিং দেং খুদু সাহা দাবি ৩২৷/৩ থানা সাগরদীঘি মৌজে থেকুর ২১ শতকের কাত ৪৷৶৪ আঃ ২০৲ খং ২৩৭ স্থিতিবান

৬৩৪ থাং ডিঃ রাজা প্রতিভানাথ রায় দেং রাজেন্দ্রনাথ বাগচি দাবি ১২৵৬ থানা সাগরদীঘি মৌজে লালিপালি ৯২ শতকের সেস ৷১৬ আঃ ৫৲ খং ৩২০ অধীনস্থ খং ৩২৬

৬২৮ থাং ডিঃ নরেশচন্দ্র বসু দেং মহম্মদ ইউসুফ সরকার দাবি ৪০৷৶৯ থানা সাগরদীঘি মৌজে দ্বারিকাপাড়া ও গোবর্দ্ধনডাঙ্গা ৭-৩০ শতকের কাত ৮৷৵০ আঃ ১০৲ খং গোবর্দ্ধনডাঙ্গা ৩৯ দ্বারিকাপাড়া ৩৫

৪ মনি ডিঃ ৺কালীচরণ সিংহের ওয়ারিশ [illegible]কামিনী দেবী দেং ৺সুরেন্দ্রনারায়ণ সিংহের [illegible]রিশ গৌরীশঙ্কর সিংহ দিং দাবি ৪৩৬৶৩ [illegible] মুর্শিদাবাদ কালেক্টারীর ৩২৭।৩২৮ নং তৌজির মহাল থানা সুতী তরফ ও কিশমত বহুতালী পরগণে বহুতালীর সামীল মৌজে বহুতালী খং ৬ ও মৌজে নাদাই খং ২ মৌজে পাঁচবোড়িয়া খং ২ মৌজে আরাজি গোড়সা খং ৪ মৌজে বাহাগলপুর খং ৫ জেলা বীরভূম থানা মুরারই পরগণে বহুতালীর অন্তর্গত মৌজা গোঁড়সা খং ২৯৮ মৌজে আরাজি গোঁড়সা খং ৪ মৌজে কলিতোড়া খং ৯২ মৌজে বালিডাঙ্গা খং ৩৮২ মৌজে শ্রীনিবাসপুর খং ৩২ মৌজে ভবানীপুর খং ৪০৭ মৌজে গোপনন্দিগ্রাম খং ৮০৮ মৌজে উত্তর কাশলা খং ২২৬ মৌজে ডালিমা খং ৩২৮ ও মৌজে দেড়া খং ২২ ঐ সকল মৌজা হায়ের দেন্দারগণের ৵১৩৷— আনা রকম জামদারী স্বত্ব মায় দরবস্ত হক হকুক নীলাম হইবে। ঐ অংশের উভয় তৌজির সদর জমা ৮১২৸৵১১ পাই টাকা আঃ ৪০০৲

১৯৪৮ সালের ডিক্রীজারী

৩ থাং ডিঃ নবকুমার সিংহ দুধোরিয়া দিং দেং রব্বান সেখ দাবি ২২৷/৯ থানা সাগরদীঘি মৌজে দক্ষিণগ্রাম ৫৪ শতকের কাত ৩/২ আঃ ১০৲ খং ১০২

৪ থাং ডিঃ ঐ দেং বিশ্বেশ্বর বিদ্যারত্ন দিং দাবি ২৭৸৶৬ থানা ঐ মৌজে উদয়নগর ১-৬৭ শতকের কাত ৩৸৵১১ আঃ ১০৲ খং ১১১ অধিনস্থ ১১২ রায়ত মোকররী

৫ থাং ডিঃ রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দেং ক্ষুদিরাম মণ্ডল দাবি ১৩৸৵৯ থানা সাগরদীঘি মৌজে বালিয়া ১২ শতকের কাত ২।৬ আঃ ৫৲ খং ৬৬১ রায়ত স্থিতিবান

৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯৷/৩ মৌজাদি ঐ ৯৬ শতকের কাত ৪৶৬ আঃ ৫৲ খং ৩৫৯

৫৭ থাং ডিঃ ঐ দেং ষোড়শীবালা দাসী দিং দাবি ৬৯৷/৯ থানা ঐ মৌজে ঈশ্বরবাটী ৬-৮৩ শতকের কাত ১১৵২ আঃ ১০৲ খং ১৭

৫৮ থাং ডিঃ কালু মণ্ডল দেং শ্যামাপদ সাহা দাবি ১৩৷৶৯ থানা সাগরদীঘি মৌজে ভূমিহর ৪০ শতকের কাত ১৷৶০ আঃ ৫৲ খং ২৪

৭৩ থাং ডিঃ শচীন্দ্রনাথ রায় দেং এসাহাক বিশ্বাস দিং দাবি ২৩৷৶৯ থানা সমসেরগঞ্জ মৌজে চিরকুটমাটি ৮২ শতকের কাত ৩৷৵৯ আঃ ১৫৲ খং ২৯৬৯

৭৪ থাং ডিঃ ঐ দেং বিপিনবিহারী সাহা দিং দাবি ২৫৸/৬ থানা ঐ মৌজে অনুপনগর ৫৫ শতকের কাত ৩৸৶১৫ আঃ ১৫৲ খং ১৭৯১

১৬ থাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং মহম্মদ সেখ দাবি ৩৯৷/৯ থানা ফরক্কা মৌজে বেওয়া ১-৬৭ শতকের কাত ৫৷৶৯ আঃ ৩৫৲ খং ৬৩৭

৫১ থাং ডিঃ ঐ দেং আয়েসা বিবি দিং দাবি ৩০৷৵০ মৌজাদি ঐ ২-৭৩ শতকের কাত ৪৷৵৮ পাই আঃ ২৫৲ খং ৭৪৬

৫৩ থাং ডিঃ ঐ দেং শামমহম্মদ সেখ দিং দাবি ১৬৷৶৩ মৌজাদি ঐ ১-৪ শতকের কাত ১৷৫ পাই আঃ ১৫৲ খং ১০১

৫৪ থাং ডিঃ ঐ দেং কৈলাস মণ্ডল দাবি ২৪৷/৩ মৌজাদি ঐ ১-৯ শতকের কাত ৩৷৵৯ আঃ ২৫৲ খং ২৪৪

১৭ থাং ডিঃ ঐ দেং সুরেশ ঘোষ দিং দাবি ৩১৷৶৩ থানা ঐ মৌজে শ্রীমন্তপুর ২-৭২ শতকের কাত ৮৶১১ পাই আঃ ২৫৲ খং ৮৩৪

৪৪ থাং ডিঃ ঐ দেং আবদুল সেখ দিং দাবি ৯৸৶৬ মৌজাদি ঐ ২৯ শতকের কাত ৷৵৩ পাই আঃ ৫৲ খং ৫৩

৫২ থাং ডিঃ ঐ দেং প্রিয়নাথ সাহা দাবি ১৯৸৵৩ মৌজাদি ঐ ১২ শতকের কাত ২৷৵০ আঃ ১৫৲ খং ১০৯৪

৭৯ থাং ডিঃ ঐ দেং ভূষণ মণ্ডল নাবালক দিং পক্ষে অলি মাতা ও স্বয়ং কুসমি মণ্ডলানী দাবি ১১৵০ মৌজাদি ঐ ৬ শতকের কাত ৸০ আঃ ৫৲ খং ১০৫

৮২ থাং ডিঃ ঐ দেং শুকলাল ঘোষ দিং দাবি ১০৷৶৯ মৌজাদি ঐ ৬ শতকের কাত ৷/৩ পাই আঃ ৫৲ খং ১৮৭

১৮ থাং ডিঃ ঐ দেং সাজেমান বিশ্বাস দিং দাবি ৮৸৶৩ থানা ঐ মৌজে শিকারপুর ৮ শতকের কাত ৷৶৯ আঃ ৫৲ খং ৪৪

৪৫ থাং ডিঃ ঐ দেং এরতাজ হোসেন দিং দাবি ৯৸৶০ থানা ঐ মৌজে দোহিতপুর ১-৪৯ শতকের কাত ৷৶৩ পাই আঃ ৯৲ খং ৯৩

৪৬ থাং ডিঃ ঐ দেং গিরীশচন্দ্র মণ্ডল দাবি ১৭৷৶০ মৌজাদি ঐ ১-১৫ শতকের কাত ২৵০ আঃ ১৫৲ খং ৪৪

৮০ থাং ডিঃ ঐ দেং মহাম্মদ সেখ দিং দাবি ১৭৶৯ থানা সাগরদীঘি মৌজে বালাগাছি ৩ শতকের কাত ১৲ আঃ ১০৲ খং ১০৩

৮৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৮৷৵৯ পাই মৌজাদি ঐ ১১ শতকের কাত ২৶৫ আঃ ১৫৲ খং ১০৪

৮১ থাং ডিঃ ঐ দেং বুজরং দাস দাবি ২৪৪৶০ থানা ঐ মৌজে কামড়াপাড়া ১১ একরের কাত ৪১৷৵৫ আঃ ২৩০৲ খং ২

৮৩ থাং ডিঃ ঐ দেং ফাইজুদ্দিন বিশ্বাস দিং দাবি ৪০৷৵০ থানা ঐ মৌজে সিংহেশ্বরী গৌরীপুর ৭/০ বিঘা জমির কাত ৭৲ আঃ ৩৫৲ খং ২৭০

## সুলভ আয়ুর্ব্বেদীয় কুটীর

এই স্থানে আয়ুর্ব্বেদমতে তরুণ ও পুরাতন এবং বহুবিধ জটিল ব্যাধির চিকিৎসা হইয়া থাকে। যাঁহারা অন্যস্থানে চিকিৎসা করাইয়া কোনও ফল পান নাই সেই সব রোগীকে আমার চিকিৎসা পরীক্ষা করিতে অনুরোধ করি।

দি মডার্ণ আয়ুর্ব্বেদিক কার্য্যালয় ও বিদ্যালয়
হইতে উপাধি প্রাপ্ত
কবিরাজ শ্রীবৈদ্যনাথ চক্রবর্ত্তী,
এম, আয়ুর্ব্বেদজ্ঞ
গাঙ্গিন, পোঃ নূরপুর, ( মুর্শিদাবাদ )


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।


হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
মূল্য ছয় পয়সা
পণ্ডিত প্রেসে পাইবেন।






## সুরবল্লী




যে সব ডাক্তাররা
সুরবল্লী ব্যবস্থা করে
দেখেছেন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

সি. কে. সেন এণ্ড কোং লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা



### দি ওয়ার্ম ইণ্ডিকা ( আমেরিকায় পরীক্ষিত )

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পুঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, ( মুর্শিদাবাদ


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত